

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
(Shibganj.bogra.gov.bd)

স্মারক নং- ৫৫.৫০.১০৫৪.০০০.০৯.০০৪.২৩.১৫৭

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

উপজেলা পরিষদ চত্বরের ডাবগাছ ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ উপজেলা পরিষদ জামে মসজিদের উন্নয়নকল্পে উপজেলা পরিষদ চত্বরের ৮২ (বিরাশি) টি ডাব গাছ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩১-১৪৩২ সন পর্যন্ত ০২ (দুই) বছর মেয়াদে ২৯,০০০/- (ঊনত্রিশ হাজার) টাকায় অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে পৃথক পৃথক খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ নিম্নবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া হতে বিক্রয় ও গ্রহণ করা হবে; পাশ্চ আবেদনসমূহ আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাথমিক বাছাই সম্পন্ন করা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদনপত্র ফরম অফিস চলাকালীন ৫০০/- (পাঁচশত) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া হতে সংগ্রহ করা যাবে।

ক্যালেন্ডার

পর্যায়	আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ	আবেদনপত্র দাখিলের তারিখ	আবেদনপত্র দাখিলের সময়	আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের সময়
প্রথম	১১ ফেব্রুয়ারি ২০২৪	১২ ফেব্রুয়ারি ২০২৪	সময় ১০:০০ টা হতে ০১:০০টা	বিকাল ০৩:০০ টা
দ্বিতীয়	১৮ ফেব্রুয়ারি ২০২৪	১৯ ফেব্রুয়ারি ২০২৪	সময় ১০:০০ টা হতে ০১:০০টা	বিকাল ০৩:০০ টা
তৃতীয়	২৫ ফেব্রুয়ারি ২০২৪	২৭ ফেব্রুয়ারি ২০২৪	সময় ১০:০০ টা হতে ০১:০০টা	বিকাল ০৩:০০ টা

শর্তাবলী :

- ০২ (দুই) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে;
- সরকারি মূল্যের চেয়ে কম ইজারামূল্যে ইজারা দেয়া হবে না;
- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া এর অনুকূলে ২,০০০/- (দুই হাজার) টাকার জামানত বাবদ সোনালী/রূপালী/অর্থনী/জম্বা/রাকাব হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
- ইজারা গ্রহীতাকে ইজারা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় ইজারামূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং পুনঃ ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ইজারা অর্থ আদায়ের পর ইজারা গ্রহীতাকে নিজ উদ্যোগে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় ডাবগাছের দখল হস্তান্তর করা হবে না।
- ইজারা গ্রহীতা ডাবগাছ সাবলিজ দিতে পারবে না। যদি এরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে পুনঃ ইজারা প্রদান করা হবে।
- গাছের ডাল কর্তন বা অন্য কোনভাবে ক্ষতিসাধন করা যাবে না।
- গাছের পরিচর্যা সঠিকভাবে করতে হবে।
- ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।


(তাহমিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া
e-mail: unoshibganjbogra@mopa.gov.bd
ফোন: ০২৫৮৯৯১১৫০১

নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০৪.২৩.১৫৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১ জেলা প্রশাসক, বগুড়া।
- ২ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- ৩ সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ, বগুড়া।
- ৪ মেয়র, শিবগঞ্জ পৌরসভা, শিবগঞ্জ, বগুড়া।
- ৫ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- ৬ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- ৭ অফিসার ইনচার্জ, শিবগঞ্জ থানা, বগুড়া।
- ৮ উপজেলা -----কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া।
- ৯ চেয়ারম্যান (সকল) -----ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- ১০ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শিবগঞ্জ, বগুড়া। তাকে নোটিশটি Shibganj.bogra.gov.bd ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১১ নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া।

Zahra 06.02.24

উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া